



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭।



স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১৮.২১.০০৩

তারিখঃ ৩০/০৯/২০২১ খ্রি.

২০২০-২১ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ডুপ্লিকেট ভর্তি বাতিল করার সময় বৃদ্ধি প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২০-২১ শিক্ষাবর্ষে সরকারি-বেসরকারি সকল ডিপ্লোমা শিক্ষাক্রমের ডুপ্লিকেট শিক্ষার্থীদের প্রতিষ্ঠানভিত্তিক তালিকা ওয়েব সাইটে (www.btebadmission.gov.bd) লিংকের মাধ্যমে ২৬/০৫/২০২১ খ্রি. তারিখে প্রদান করা হয়েছে। ইতিপূর্বে ডুপ্লিকেট ভর্তি বাতিলের মেয়াদ ছিল ০১-০৭-২০২১খ্রি. পর্যন্ত। যথা সময়ে প্রতিষ্ঠানের ডুপ্লিকেট ভর্তি জটিলতা নিরসন সম্পন্ন করতে পারেনি বিধায় ০৪-১০-২০২১খ্রি. বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত ডুপ্লিকেট ভর্তি বাতিলের সময় বৃদ্ধি করা হলো।

২০২০ সালে এসএসসি/সমমান উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২০-২১ শিক্ষাবর্ষে বিভিন্ন শিক্ষাক্রমে ডুপ্লিকেট ভর্তি আছে, তাদের মূল নম্বরপত্র যেসব প্রতিষ্ঠানে জমা আছে, তারা অন-লাইনে টিক চিহ্ন প্রদান করার কথা থাকলেও কিছু সংখ্যক প্রতিষ্ঠান কোনটিতেও টিক চিহ্ন প্রদান করেনি। আবার দেখা যাচ্ছে একজন শিক্ষার্থীর জন্য ২টি প্রতিষ্ঠানই টিক চিহ্ন প্রদান করেছে। তাদের সমস্যা সমাধানের জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পুরাতন ভবনের ৫১৫ নং কক্ষে যোগাযোগ করতে বলা হলো।

২০২০ সালের পূর্বে উত্তীর্ণ শিক্ষার্থীরা যদি ডুপ্লিকেট ভর্তি হয়ে থাকে তবে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের রেজিস্ট্রেশন কার্ড, প্রত্যেক পর্বের প্রবেশপত্র, বোর্ড কর্তৃক ইস্যুকৃত নম্বরপত্র (সকল মূলকপি), সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের Approved তালিকা, ডুপ্লিকেট তালিকা ও প্রতিষ্ঠান প্রধানের সুপারিশকৃত ভর্তি বাতিলের আবেদনপত্রসহ “উপ সচিব (রেজিস্ট্রেশন)” বরাবর আবেদন করতে হবে। পরবর্তী কার্যক্রম নতুন ভবনের ৫ম তলায় রেজিস্ট্রেশন শাখা হতে জানা যাবে।


শিক্ষাক্রম	ডুপ্লিকেট বাতিলের তারিখ	মন্তব্য
সকল সরকারি-বেসরকারি ডিপ্লোমা শিক্ষাক্রম (ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল, কৃষি, ফিসারিজ, ফরেস্ট্রি, লাইভস্টক, মেরিন ও শীপবিহ্বিং)	৩০-০৯-২০২১ খ্রি. হইতে ০৪-১০-২০২১ খি. বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত	ডুপ্লিকেট ভর্তি বাতিল না হলে শিক্ষার্থী ফরম ফিলাপের যোগ্য বলে বিবেচিত হবেনা এবং ভর্তি বাতিল বলে গণ্য হবে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (বিএম/ভোক:) শিক্ষাক্রমে উত্তীর্ণ শিক্ষার্থীরা অন্য শিক্ষাক্রমে ভর্তির আবেদন এবং নিশ্চায়ন করে থাকলে তাদের এসএসসি ও এইচএসসি উত্তীর্ণ নম্বরপত্রের ফটোকপিসহ ডুপ্লিকেট ভর্তি জটিলতার নিরসনের জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পুরাতন ভবনের ৫১৫ কক্ষে আবেদন জমা প্রদান করবে।

বিষয়টি অতিব জরুরী (শুধুমাত্র ডিপ্লোমা শিক্ষাক্রমের জন্য প্রযোজ্য):

বরাবর

সকল সরকারি-বেসরকারি ডিপ্লোমা ইনস্টিটিউট




(রূপক কান্তি বিশ্বাস)

কারিকুলাম বিশেষজ্ঞ(ডিপ্লোমা)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ১। উপাধ্যক্ষ/ওসি একাডেমিক, এ ইসটিটিউট।
- ২। চিফ ইন্সট্রাক্টর ও বিভাগীয় প্রধান, সকল টেকনোলজি, এ ইসটিটিউট।
- ৩। ফোকাল পয়েন্ট, প্রেসমেন্ট সেল, এ ইসটিটিউট। [নোটিশটি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৪। নোটিশ বোর্ড, এ ইসটিটিউট।
- ৫। নথি।


(প্রকৌ. মোঃ জয়নাল আবেদীন)

অধ্যক্ষ

বগুড়া পলিটেকনিক ইসটিটিউট, বগুড়া

